দৈনিক বাংলা

25

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 26 MAY 1989
পৃষ্ঠা 1 কলাম 1



প্রেসিডেন্ট এরশাদ বৃহস্পতিবার প্রেসিডেন্টের অফিসে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ওপর অনুষ্ঠিত এক উচ্চ পর্যায়ের বৈঠকে সভাপতিত্ব করেন

এরশাদের সভাপতিত্বে উচ্চপর্যায়ের বৈঠক

# রাজশাহী ভার্সিটির শিক্ষা পরিবেশ বজায় রাখা হবে

প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদের সভাপতিত্বে বৃহস্পতিবার সকালে ঢাকায় প্রেসিডেন্টের অফিসে রাজশাহী বিশ্ববিদ্যালয় সংক্রান্ত এক উচ্চ পর্যায়ের বৈঠক অনুষ্ঠিত হয়। খবর বাসস'র।

উল্লেখ্য, প্রেসিডেন্ট বিশ্ববিদ্যালয়সমূহের চ্যান্সেলর।

এই বিশ্ববিদ্যালয়ে আইন-শৃংখলা পরিস্থিতি ও শিক্ষার পরিবেশ রক্ষা সম্পর্কে বৈঠকে আলোচনা করা হয়। এতে ছাত্র হত্যাসহ ক্যাম্পাসের ঘটনাবলীতে উদ্বেগ প্রকাশ করা হয়।

বৈঠকে সিদ্ধান্ত নেয়া হয় যে ভবিষ্যতে এই ধরনের ঘটনার পুনরাবৃত্তি রোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা এবং যেকোন মূল্যে শিক্ষার পরিবেশ বজায় রাখা হবে।

বৈঠকে সিদ্ধান্ত নেয়া হয় যে সরকার ক্যাম্পাসে আইন-শৃংখলা রক্ষায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে সকল প্রয়োজনীয় সহায়তা দেবেন।

ছাত্ররা যাতে নির্বিঘ্নে শিক্ষা জীবন চালাতে পারেন, সেজন্য দেশের উত্তরাঞ্চলে সর্বোচ্চ শিক্ষায়তনে শিক্ষার পরিবেশ রক্ষায় বৈঠকে শিক্ষক। ছাত্র, অভিভাবক ও শিক্ষানুরাগী ব্যক্তিবর্গসহ সকল মহলের সহযোগিতা কামনা করা হয়।

বৈঠকে সিদ্ধান্ত নেয়া হয় যে বিশ্ববিদ্যালয়ে শিক্ষার পরিবেশ নষ্ট করার জন্য দায়ী ব্যক্তিদের

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

রাজশাহী ভার্সিটি

(প্রথম পৃঃ পর)

বিরুদ্ধে কর্তৃপক্ষ আইন অনুযায়ী ব্যবস্থা নেবেন।

উপ প্রধানমন্ত্রী ও প্রেসিডেন্টের রাজনৈতিক উপদেষ্টা কাজী জাফর আহমদ, স্বরাষ্ট্র মন্ত্রী মেজর জেনারেল (অবঃ) মাহমুদুল হাসান, শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম, প্রেসিডেন্টের মুখ্য সচিব এ এইচ এফ কে সাদিক, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক আমানুল্লাহ আহমেদ ও উর্ধ্বতন কর্মকর্তারা এ বৈঠকে উপস্থিত ছিলেন।